

মঙ্গলবার, ২২ নভেম্বর ২০১১, ৮ অগ্রাহায়ণ ১৪১৮, ২৫ জিলহজ ১৪৩

ব্র্যাক বিশ্ববিদ্যালয়: ডিজাস্টার ম্যানেজমেন্ট



সুস্থিতা কর্মকার

আজকাল একটা কথা প্রায়ই শোনা যায়। এ দেশে ভূমিকম্প হলে বিশেষ করে রাজধানীতে ক্ষয়ক্ষতি হবে মারাত্মক। এ দুর্যোগ মোকাবেলার উপায় কী? এমনিতেই আমাদের এই দেশ পৃথিবীর অন্যতম দুর্যোগপ্রবণ দেশ। ভৌগোলিক কারণ তো বটেই মানব সৃষ্ট কারণেও প্রতিনিয়ত আমাদের দুর্যোগের মোকাবেলা করতে হচ্ছে। অখচ দুঃখজনক ব্যাপার হল, দুর্যোগ প্রতিরোধ করা বা পরবর্তী সময়ে ব্যবস্থাপনার জন্য দক্ষ জনশক্তি আমাদের দেশে নেই বললেই চলে। ফলে স্বাভাবিক ভাবেই তখন ক্ষতির পরিমাণ বেড়ে যায়। অপরদিকে দুর্যোগ মোকাবেলাজনিত ব্যবস্থাপনা বিষয়ে উচ্চশিক্ষার সুযোগও আমাদের দেশে অপ্রতুল।

মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা তাদের পরিবেশ পরিচিতি সমাজ বইয়ে এ বিষয়ে সাধারণ শিক্ষা গ্রহণের সুযোগ পেলেও উচ্চ মাধ্যমিক স্তরে এ বিষয়টি একেবারেই নেই। দেশের আর্থ-সামাজিক এবং ভৌগোলিক বিবেচনায় দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান ও ডিগ্রি এখন সময়ের দাবি। এ দাবি পূরণে এগিয়ে এসেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

পড়তে হলে

আমাদের দেশের শিক্ষার্থীরা ব্র্যাক বিশ্ববিদ্যালয়েই প্রথম ডিজাস্টার ম্যানেজমেন্ট পোস্ট গ্রাজুয়েট কোর্স করার সুযোগ পায়। যারা স্নাতক করেছেন বা প্রফেশনাল কারণে এ বিষয়ক ডিগ্রি বা জ্ঞান দরকার তারা এখানে এই বিষয়টি নিয়ে পড়াশোনা করতে পারেন। এ জন্য ভর্তিছু শিক্ষার্থীকে ন্যূনতম ৩ বছরের ব্যাচেলর ডিগ্রি সনদপ্রাপ্ত হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ন্যূনতম জিপিএ-২ থাকতে হবে। এরপর লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে তবেই এ বিষয়ে পড়ার সুযোগ পাওয়া যাবে।

কেমন হবে ক্যারিয়ার

মনি একটি বেসরকারি উন্নয়নমূলক প্রতিষ্ঠানে চাকরি করেন। পেশাগত কারণে দেশের উপকূলীয় অঞ্চলে তাকে দায়িত্ব পালন করতে হয়। তিনি ব্র্যাক বিশ্ববিদ্যালয় থেকে ডিজাস্টার ম্যানেজমেন্ট কোর্স করেছেন। কারণ তিনি মনে করেন, কোর্সটি পেশাজীবনে তার দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। এ বিষয়ের ডিগ্রিধারীরা বিভিন্ন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন বা এনজিওতে ক্যারিয়ার গড়ার সুযোগ পাবেন। এর বাইরে বিভিন্ন একাডেমিক বা রিসোর্স ইনস্টিটিউটে রিসার্চার হিসেবে পেশাজীবন গড়ার সুযোগ তো থাকছেই। এ বিষয়ে পড়ে শিক্ষার্থীরা সাইক্লোন সেন্টার ডিজাইন, ডিজাস্টার, রেজিস্টেন্ট বিল্ডিং তৈরি, দুর্যোগপ্রবণ এলাকায় ত্রাণ ও সাহায্য ব্যবস্থাপনা, টিমওয়ার্ক বিল্ডিং, এ সময় দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ইত্যাদি বিষয়ে জ্ঞানার্জন করে। ফলে স্বাস্থ্য মন্ত্রণালয়, পরিবেশ ও দুর্যোগ মন্ত্রণালয়, ফায়ার সার্ভিস, আর্মড ফোর্স সরকারি এ সেক্টরগুলো ছাড়াও বেসরকারি যে প্রতিষ্ঠানগুলো এ বিষয়ে কাজ করে সেখানে পেশাজীবন গড়তে পারবেন।

যোগাযোগ

ব্র্যাক বিশ্ববিদ্যালয়

৬৬মহাখালী, ঢাকা।

ফোন: ৮৮২৪০৫১, ৮৮৫৩৯৪৮-৯

ওয়েব : www.bracuniversity.ac.bd